

নির্বাচনি পরীক্ষা পূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ১
দ্বাদশ শ্রেণি

বিষয়: উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্র (সৃজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণ মান: ২০

১. বর্তমানে পেয়ারার চাহিদা বেড়ে যাওয়ায় রায়পুর গ্রামের রইচ উদ্দিন স্বল্প পরিসরে পেয়ারার চাষ শুরু করেন। উৎপাদিত পেয়ারা নিজের এলাকার হাট-বাজারে বিক্রি করে অনেকটা লাভবান হন। এবছর বেশি লাভের আশায় দশ বিঘা জমিতে পেয়ারার চাষ শুরু করেন। ফলন ভাল হওয়ায় উৎপাদিত পেয়ারা স্থানীয় আড়তদারদের কাছে বিক্রি করে। আড়তদাররা আবার বিভিন্ন অঞ্চলের পাইকারদের কাছে বিক্রি করে। পাইকাররা আবার খুচরা ব্যবসায়ীর কাছে বিক্রি করে। খুচরা ব্যবসায়ীরা ভোক্তার কাছে বিক্রি করে। এভাবে সারাদেশে ভোক্তাদের নিয়মিত ভোগের সুযোগ সৃষ্টির মাধ্যমে বাণিজ্যিকভাবে পেয়ারার উৎপাদন ও বিপণন অব্যাহত থাকে।
 - ক. খুচরা ব্যবসায় কী? ১
 - খ. বিভাগীয় বিপণি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
 - গ. প্রথম অবস্থায় রইচ উদ্দিন পেয়ারা বিক্রির ক্ষেত্রে কোন ধরনের বন্টন প্রণালি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
 - ঘ. উদ্দীপকের আলোকে জনাব রইচ উদ্দীনের ব্যবসায় সম্প্রসারণের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪
২. জনাব করিম চট্টগ্রাম শহরের প্রাণকেন্দ্রে “স্বপ্নীল” নামক একটি বিপণি স্থাপন করেন। এই বিপণিতে স্বসেবায় কমমূল্যে খাদ্যসামগ্রী, মুদি, গৃহস্থালী পণ্য বিক্রি করে। উল্লেখ্য প্রতিটি পণ্যের মূল্য, পরিমাণ, ওজন, উৎপাদনের তারিখ প্রভৃতি লেভেলে লাগানো থাকে। ফলে ক্রেতারা খুব সহজেই পণ্য কিনে থাকে। সার্বক্ষণিক যোগাযোগ এর জন্য একটি ওয়েবসাইট চালু করেন। ফলে প্রতিষ্ঠানে বিক্রি এবং মুনাফার পরিমাণ বেড়ে যাচ্ছে।
 - ক. বন্টন প্রণালী কী? ১
 - খ. ভোগ্য পণ্যের বন্টন প্রণালী দীর্ঘ হয় কেন? ২
 - গ. উদ্দীপকে “স্বপ্নীল” কোন ধরনের খুচরা বিপণি? ব্যাখ্যা করো। ৩
 - ঘ. উদ্দীপকের আলোকে জনাব করিমের “স্বপ্নীল” বিপণিতে বিক্রয় বাড়ার কারণ বিশ্লেষণ করো। ৪